

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২২৫

পর্ব-১৩: বিবাহ (৮১১। كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - ওয়ালীমাহ্ (বৌভাত)

আরবী

وَعَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ طَعَامِ الْمُتَبَارِيَيْنِ وَعَنْ عِكْرِمَةَ عَنِ النَّبِيِّ صَلَّى أَنْ يُؤْكَلَ. رَوَاهُ أَبُو دَاؤُدَ وَقَالَ مُحْيِي السُّنَّةِ: وَالصَّحِيحُ أَنَّهُ عَنْ عِكْرِمَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرْسَلًا

বাংলা

৩২২৫-[১৬] 'ইকরিমাহ্ (রহঃ) ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লৌকিকতা প্রদর্শনকারী দুই প্রতিযোগীর খাদ্য আয়োজনে যেতে নিষেধ করেছেন। (আবূ দাউদ)[1]

মাসাবীহ-এর গ্রন্থকার মুহয়্টিউস্ সুন্নাহ্ বলেন, প্রকৃতপক্ষে হাদীসটি 'ইকরিমাহ্ মুরসালরূপে নবী সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩৭৫৪, সহীহাহ্ ৬২৭, সহীহ আল জামি ৬৯৬৫, সহীহ আত্ তারগীব ২১৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মানুষকে খানা খাওয়ানো উত্তম 'ইবাদাত। এটা হতে হবে একমাত্র আল্লাহর সন্তুষ্টির লক্ষেয়, গর্ব-অহংকার কিংবা নাম যশের উদ্দেশে নয়। কেউ যদি ফখর বা গর্ব অহংকার নিয়ে কাউকে দা'ওয়াত করে অথবা গর্বঅহংকার প্রকাশার্থে দা'ওয়াত করে তবে তাদের এ অনুষ্ঠানের খাদ্য খেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
নিষেধ করেছেন। বিশেষ করে দু'জন বা ততোধিক ব্যক্তি যদি পরস্পর গর্ব অহংকারের প্রতিযোগিতায় লিপ্ত হয়
যে, কে কার উপর প্রাধান্য লাভ করতে পারে। তবে এ শ্রেণীর মানুষের খাদ্য খাওয়া নিষেধ।

এটা নিষেধ এজন্য যে, এতে রয়েছে আত্মঅহংকার ও রিয়া, আর লৌকিকতা হলো সৃক্ষা শির্ক যা গুনাহে কবীরা বা মহাপাপ।



অনেক 'আলিমকে দা'ওয়াত করা হলে তারা তা কবুল করতেন না। তাদের যদি বলা হতো সালাফদের অনেককেই তো দা'ওয়াত করা হতো এবং তারা তা কবুলও করতেন? উত্তরে বলতেন, তারা দা'ওয়াত গ্রহণ করতেন পরস্পর সৌহার্দ ও সম্প্রীতি রক্ষার জন্য আর তোমাদের এ দা'ওয়াত তো চলছে অহংকার ও প্রতিদানের ভিত্তিতে।

বর্ণিত আছে, একদা 'উমার ও 'উসমান (রাঃ) একটি খাদ্যানুষ্ঠানে আমন্ত্রিত হন এবং তারা দা'ওয়াত কবুল করেন। দা'ওয়াতে রওয়ানা হয়ে 'উমার 'উসমান -কে বললেন, আমি তো উপস্থিত হলাম বটে কিন্তু মন চাচ্ছে যে, অংশগ্রহণ না করি। 'উসমান বললেন, কেন? উত্তরে 'উমার বললেন, আমি ভয় পাচ্ছি যে, খাদ্যানুষ্ঠানটি গর্বাহংকারের হয় কিনা? ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭৫০; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন